

তারিখ: ০৯/০৭/২০১৯ খ্রি.

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ৪র্থ পর্যায়ে ম্যানুয়ালি ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যেসকল শিক্ষার্থী এখনো কোন কলেজে ভর্তি হতে পারেনি বা হয়নি, তারা রাঙ্গামাটি সরকারি কলেজে আসন খালি ও প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে ৪র্থ পর্যায়ে ম্যানুয়ালি ভর্তি হতে পারবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে আগামী ১০/০৭/২০১৯ হতে ১৬/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্ব-ব্যখ্যাত আবেদন (মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি, ছবিসহ) সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ আবু ছৈয়দ চৌধুরী এর নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। ইতোপূর্বে এ কার্যালয়ের জারীকৃত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। উল্লেখ্য যে, মানবিক গ্রুপে আসন খালি নেই।

- ☞ আবেদনের যোগ্যতা: ব্যবসায় শিক্ষা গ্রুপে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং বিজ্ঞান গ্রুপে ন্যূনতম জিপিএ ৩.৭৫
- (ক) ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান গ্রুপে ভর্তির আবেদনের তারিখ : ১০/০৭/২০১৯ হতে ১৬/০৭/২০১৯ খ্রি.
- (খ) শূন্য আসনে নির্বাচিত তালিকা প্রকাশের তারিখ : ১৮/০৭/২০১৯ খ্রি.
- (গ) ভর্তির তারিখ ও সময় : ২৩/০৭/২০১৯ খ্রি. (সকাল ১০.০০ - ১.০০ টা)

☞ চূড়ান্ত ভর্তি ফরমের সাথে যেসকল কাগজপত্র জমা দিতে হবে:

- ১। এসএসসি পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে;
- ২। এসএসসি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এর ফটোকপি (সত্যায়িত ছাড়া) ২ কপি করে;
- ৩। সদ্য তোলা রঙিন ছবি পাসপোর্ট সাইজ- ৩কপি এবং স্ট্যাম্প সাইজ- ২কপি;
- ৪। ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত শিক্ষা বিরতি সনদপত্র ১ কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

☞ বিভাগ ভিত্তিক ফি এর হার (বাস ভাড়াসহ):

| গ্রুপ           | ছাত্র  | ছাত্রী | মন্তব্য  |
|-----------------|--------|--------|--|
| ব্যবসায় শিক্ষা | ২৩৯৩/- | ২১৪৭/- | বোর্ডের ম্যানুয়াল ভর্তি ফি ৪৪৫/-<br>জনপ্রতি অতিরিক্ত জমা দিতে হবে |
| বিজ্ঞান         | ২৫১৩/- | ২২৬৭/- |  |

উল্লেখ্য যে, ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা অত্র কলেজের নোটিশবোর্ড এবং রাঙ্গামাটি সরকারি কলেজের ওয়েবসাইট [www.rangamaticollege.gov.bd](http://www.rangamaticollege.gov.bd) ঠিকানায় ভর্তি সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

\*\*\* ছাত্র/ছাত্রীকে চাকুরী বা উপবৃত্তি সংক্রান্ত প্রয়োজনে সকল কাগজপত্রের ফটোকপি কমপক্ষে ৫(পাঁচ) সেট নিজের ফাইলে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহ্বায়ক, একাদশ ভর্তি কমিটি (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। সংরক্ষণ নথি।